পঞ্চগড়ে মৌসুমের সর্বনিম্ন তাপমাত্রা ১২.৫ ডিগ্রি



ছবি: সংগৃহীত

পঞ্চগড়ে বাড়তে শুরু করেছে শীতের তীব্রতা। কয়েক দিনের ধারাবাহিকতায় কমেছে তাপমাত্রা। বৃহস্পতিবার (১৯ নভেম্বর) সকালে জেলার তেঁতুলিয়ায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড হয়েছে ১২ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস। চলতি মৌসুমে এটি জেলার সর্বনিম্ন তাপমাত্রা।

তেঁতুলিয়া আবহাওয়া পর্যবেক্ষণ কেন্দ্রের তথ্য অনুযায়ী, বৃহস্পতিবার সকাল ৬টায় এ তাপমাত্রা রেকর্ড করা হয়। এ সময় বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ ছিল ৯৮ শতাংশ। আগের দিন বুধবার সকাল ৯টায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস। অর্থাৎ এক দিনের ব্যবধানে তাপমাত্রা কমেছে ৩ দশমিক ২ ডিগ্রি।

এর আগে মঙ্গলবার (১৭ নভেম্বর) সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস। সোমবার ১৮ দশমিক ৫, রোববার ১৬ দশমিক ৪, শনিবার ১৫ দশমিক ৮ এবং শুক্রবার ১৫ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়। বুধবার দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

স্থানীয় বাসিন্দারা জানান, দিনের বেলায় রোদ থাকায় গরম অনুভূত হলেও সন্ধ্যার পর থেকেই ঠান্ডা বাড়ছে। রাতে লেপ-কম্বল ব্যবহার করতে হচ্ছে। ভোরে বাইরে বের হলেও শীতের অনুভূতি বেশি থাকে।

গলেহাহাট এলাকার বাসিন্দা আনোয়ার হোসেন বলেন, দিনে রোদ উঠলে গরম লাগে, ঘরে ফ্যান চালাতে হয়। তবে সন্ধ্যার পর ঠান্ডা বাড়ে। রাতে লেপ-কম্বল ছাড়া থাকা কঠিন হয়ে পড়েছে। একই এলাকার আরেক বাসিন্দা শাহীন বলেন, কয়েক দিন আগেও রাতে এত ঠান্ডা ছিল না। এখন ভোরে বাইরে বের হলে শীত লাগে। আবহাওয়ার পরিবর্তনে শিশু ও বয়স্কদের নিয়ে বাড়তি সতর্ক থাকতে হচ্ছে।

তেঁতুলিয়া আবহাওয়া পর্যবেক্ষণ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা জিতেন্দ্রনাথ রায় জানান, আগামী দিনগুলোতে তাপমাত্রা আরও কমতে পারে। ডিসেম্বর মাসে পঞ্চগড়ে মৃদু শৈত্যপ্রবাহ বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।